

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৭৭

আগরতলা, ২১ মে, ২০২৪

মনুভ্যালীতে বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস উদযাপন

উন্কোটি জেলার মনুভ্যালী আরোগ্য মন্দিরের অধীনে মনুভ্যালী ডিসপেনসারিতে গত ১৭ মে বিশ্ব উচ্চ রক্তচাপ দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষে ডিসপেনসারিতে এক স্বাস্থ্য শিবিরে আয়োজন করা হয়। শিবিরে এলাকার ৬০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষুধ দেওয়া হয়। এদের মধ্যে ৫২ জনের অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়। তাছাড়াও স্বাস্থ্যকর্মীগণ ২২ জনের রক্তচাপ পরীক্ষা করেন। শিবিরে ম্যারেলিয়ার স্ক্রিনিং ও করা হয়। স্বাস্থ্যকর্মীগণ শিবিরে অসংক্রামক রোগ প্রতিরোধের উপায়, গর্ভবতী মায়েদের হাসপাতালে প্রসব করানোর উপকারিতা, আয়ুষ্মান ভারত প্রকল্পের সুবিধা গ্রহণ, ম্যালেরিয়া প্রতিরোধে মশারী ব্যাবহার নিয়ে আলোচনা করেন। তাছাড়াও স্বাস্থ্যকর্মীগণ জুরের উপসর্গ দেখা দিলে স্থানীয় আশাকর্মীদের সাথে যোগাযোগ করার পরামর্শ দেন। শিবিরে উপস্থিত ছিলেন সমরপাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ডা. সুমঙ্গল সরকার, কমিউনিটি হেলথ অফিসার পারমিতা সিনহা, স্বাস্থ্যকর্মী ও আশাকর্মীগণ। পরিবার কল্যাণ ও রোগপ্রতিরোধক দপ্তরের ভারপ্রাপ্ত আধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
